# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ২০২/২০১৮-২০১৯

ঢাকা, বৃহস্পতিবার ২৫ এপ্রিল ২০১৯, ১২ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির সঙ্গে ভারতের হাইকমিশনারের সৌজন্য সাক্ষাৎ

২। একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন শুরু

৩ । সন্ত্রাসী কর্মকাণ্ডরোধে অস্বাভাবিক কিছু দেখলে আইনশৃঙ্খলা বাহিনীকে জানান : সংসদে প্রধানমন্ত্রী

৪। শ্রীলংকায় বোমা বিস্ফোরণে নিহত জায়ানের পরিবারকে প্রধানমন্ত্রীর সান্ত্বনা

৫। রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘসহ আন্তর্জাতিক সংস্থাগুলোকে
আরো জোরালো ভূমিকা রাখার আহ্বান প্রধানমন্ত্রীর

৬। রাজশাহী-ঢাকা বিরতিহীন 'বনলতা এক্সপ্রেস' ট্রেন আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৭। বঙ্গবন্ধুর চাচাতো বোন হামিদা খানমের ইন্তেকাল
প্রধানমন্ত্রীর শোক ও দুঃখ প্রকাশ

৮। এখনও দর্শক সংখ্যা বিটিভিরই বেশি : সংসদে তথ্যমন্ত্রী

৯। শিল্পাঞ্চলে গ্যাস সরবরাহ নিশ্চিত করতে পাইপলাইন স্থাপন করা হচ্ছে : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

১০। আরও ৫০ হাজার টন গম কিনবে সরকার : ক্রয়কমিটিতে অনুমোদন

১১ । কৃষিতে প্রসারিত হচ্ছে নব নব প্রযুক্তি : রাশিয়ার প্রতিনিধিদলকে কৃষিমন্ত্রী

১২ । সিপিডি'র বক্তব্য অনভিপ্রেত ও অগ্রহণযোগ্য : তথ্যমন্ত্রী
তথ্য কমিশন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন

১৩। স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর রাজস্ব আয় বাড়াতে ও অর্থনৈতিকভাবে
স্বাবলম্বী হতে উদ্যোগ নিতে হবে : স্থানীয় সরকারমন্ত্রী

১৪। বাজেটে শিক্ষাখাতে বরাদ্দ আরও বাড়াতে হবে : শিক্ষামন্ত্রী

১৫। শ্রীলঙ্কার হাইকমিশনে শোক বইয়ে স্বাক্ষর পররাষ্ট্রমন্ত্রীর

১৬। সামুদ্রিক সম্পদ আহরণে বিভিন্ন প্রকল্প প্রণয়নের আহ্বান পরিকল্পনামন্ত্রীর

১৭। জনগণের জন্য নিরাপদ ও পুষ্টিকর খাদ্য নিশ্চিত করতে হবে : খাদ্যমন্ত্রী

১৮। শব্দদূষণ বন্ধে পরিবেশ মন্ত্রীর কঠোর নির্দেশনা

১৯। বাংলাদেশ-যুক্তরাজ্য সম্পর্কে ব্রেক্সিট কোনো ইস্যু নয় : সচিব পর্যায়ে কৌশলগত বৈঠক

২০। সন্ত্রাসী ও জঙ্গিদের রোধে নজরদারি বাড়াতে আইজিপির নির্দেশ

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতির সঙ্গে ভারতের হাইকমিশনারের সৌজন্য সাক্ষাৎ**

বাংলাদেশে ভারতের নতুন হাইকমিশনার রীভা গাঙ্গুলী দাশ গতকাল (২৪ এপ্রিল বুধবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ ও ভারতের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক খুবই চমৎকার এবং এ সম্পর্ক পর্যায়ক্রমে সম্প্রসারিত হয়েছে। রাষ্ট্রপ্রধান বলেন, বাংলাদেশের জনগণ ও সরকার ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা অর্জনে ভারতের জনগণ ও সরকারের গুরুত্বপূর্ণ ভূমিকা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করে। বাণিজ্য, বিনিয়োগ, যোগাযোগ ও পারস্পরিক সহযোগিতাসহ বিভিন্ন ক্ষেত্রে বিদ্যমান বিপুল সম্ভাবনার কথা উল্লেখ করে রাষ্ট্রপতি ভারতের হাইকমিশনারকে এ সুযোগ গ্রহণের আওতা আরও বাড়ানোর আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

২। **একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন শুরু**

একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন শুরু হয়েছে। গতকাল (২৪ এপ্রিল বুধবার) স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে প্রথম কার্যদিবস শুরু হয়। এরপর স্পিকার চলতি অধিবেশনের সভাপতিমণ্ডলীর মনোনয়ন দেন। স্পিকার বা ডেপুটি স্পিকারের অনুপস্থিতিতে সভাপতিমণ্ডলীর সদস্যদের মধ্যে অগ্রবর্তীজন সংসদ পরিচালনা করবেন। পরে স্পিকার শোক প্রস্তাব উত্থাপন করেন। সংসদে মৃত্যুবরণকারীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। শোকপ্রস্তাব উত্থাপনের পর মৃতদের আত্মার মাগফিরাত কামনা করে মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালনা করেন ডেপুটি স্পিকার ফজলে রাব্বী মিয়া। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.১৫,ক.২)।

৩ । **সন্ত্রাসী কর্মকাণ্ডরোধে অস্বাভাবিক কিছু দেখলে আইনশৃঙ্খলা বাহিনীকে জানান : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের কোথাও কোনো অস্বাভাবিক কিছু দেখলে সঙ্গে সঙ্গে তা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানাতে দেশবাসীর প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন। গতকাল (২৪ এপ্রিল বুধবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে তিনি এ আহ্বান জানিয়ে বলেন, সন্ত্রাসী ঘৃণ্য কাজের সঙ্গে কেউ যেন জড়িত না হয়। আমরা জঙ্গিবাদ কঠোরহস্তে দমন করেছি। শ্রীলঙ্কায় ভয়াবহ বোমা হামলার ঘটনায় তীব্র নিন্দা জানানোর পাশাপাশি দেশবাসীকে সজাগ ও সতর্ক থাকার আহ্বান জানান তিনি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৪। **শ্রীলংকায় বোমা বিস্ফোরণে নিহত জায়ানের পরিবারকে প্রধানমন্ত্রীর সান্ত্বনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শ্রীলংকার কলম্বোতে বোমা বিস্ফোরণে নিহত জায়ান চৌধুরীর পরিবারের প্রতি সান্ত্বনা জানাতে গতকাল (২৪ এপ্রিল বুধবার) জায়ান চৌধুরীর নানা এবং তাঁর ফুপাত ভাই শেখ সেলিমের বনানীর বাসায় যান। এ সময় তিনি শোকসন্তপ্ত পরিবারকে সান্ত্বনা দেন। প্রধানমন্ত্রী আট বছর বয়সী নিহত জায়ান চৌধুরীর আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

৫। **রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘসহ আন্তর্জাতিক সংস্থাগুলোকে আরো জোরালো ভূমিকা রাখার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের প্রত্যাবাসনে জাতিসংঘসহ আন্তর্জাতিক সংস্থাগুলোকে আরো জোরালো ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, জোরপূর্বক বিতাড়িত ১০ লাখের বেশি রোহিঙ্গার আশ্রয় দেওয়া আমাদের জন্য একটি বড় বোঝা। আমরা কতদিন এ বোঝা বহণ করবো। তাদেরকে অবশ্যই মিয়ানমারের রাখাইন রাজ্যে তাদের নিজ বাসভূমিতে ফিরে যেতে হবে। তাই আমরা চাই আপনারা এক্ষেত্রে আরো সক্রিয় ভূমিকা পালন করুন। জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার ফিলিপ্পো গান্ধী, জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল (হিউম্যান অ্যাফেয়ারস) মার্ক লোকক ও আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম) এর মহাপরিচালক এন্তোনিও ভিতোরিনো গতকাল (২৪ এপ্রিল বুধবার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর জাতীয় সংসদ ভবনস্থ কার্যালয়ে যৌথভাবে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। জাতিসংঘের তিন শীর্ষ কর্মকর্তা ১০ লাখের বেশি রোহিঙ্গাকে বাংলাদেশে আশ্রয় দেওয়ায় মানবিক দৃষ্টিভঙ্গির জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

৬। **রাজশাহী-ঢাকা বিরতিহীন 'বনলতা এক্সপ্রেস' ট্রেন আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

রাজশাহী-ঢাকা বিরতিহীন 'বনলতা এক্সপ্রেস' ট্রেন আজ (২৫ এপ্রিল বৃহস্পতিবার) উদ্বোধন করা হবে। গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজশাহীবাসীর বহুল প্রত্যাশিত এ ট্রেনের উদ্বোধন করবেন। সকাল ১০টায় রাজশাহী রেলওয়ে স্টেশনে উদ্বোধন অনুষ্ঠানে রেলমন্ত্রী অ্যাডভোকেট নূরুল ইসলাম সুজন ও রাজশাহী সিটি করপোরেশনের মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন উপস্থিত থাকবেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৭। **বঙ্গবন্ধুর চাচাতো বোন হামিদা খানমের ইন্তেকাল**
**প্রধানমন্ত্রীর শোক ও দুঃখ প্রকাশ**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের চাচাতো বোন হামিদা খানম রানু গতকাল (২৪ এপ্রিল বুধবার) রাজধানীর লালমাটিয়ায় নিজের বাসায় ইন্তেকাল করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল তাঁর ফুপু হামিদা খানম রানুর লালমাটিয়ার বাসায় যান এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের সঙ্গে কিছুক্ষণ কাটান। এ সময় প্রধানমন্ত্রী গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তিনি মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউ এজ** (পৃ.২,ক.১)।

৮। **এখনও দর্শক সংখ্যা বিটিভিরই বেশি : সংসদে তথ্যমন্ত্রী**

রাষ্ট্রীয় প্রচার মাধ্যম বাংলাদেশ টেলিভিশনের মান নিয়ে একজন সংসদ সদস্য প্রশ্ন উত্থাপন করলে সংসদে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, এখনও দর্শক সংখ্যা (ভিউয়ার) বাংলাদেশ টেলিভিশনেরই বেশি। গতকাল (২৪ এপ্রিল বুধবার) সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এ কথা বলেন। তথ্যমন্ত্রী আরো বলেন, বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠানের মান এবং খবর পাঠের মনোন্নয়নের জন্য ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **সমকাল** (পৃ,২,ক.৮)।

৯। **শিল্পাঞ্চলে গ্যাস সরবরাহ নিশ্চিত করতে পাইপলাইন স্থাপন করা হচ্ছে : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

কোনো আবাসিক বাসাবাড়িতে ভবিষ্যতে গ্যাস সরবরাহ করা হবে না বলে সংসদে ঘোষণা দিয়েছেন জ্বালানি ও বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। গতকাল (২৪ এপ্রিল বুধবার) জাতীয় সংসদে এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, এখন থেকে কোনো আবাসিক বাড়িতে গ্যাস সরবরাহ করা হবে না। গ্যাস দেওয়া হবে শিল্পাঞ্চলে। এ শিল্পাঞ্চলে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিত করার জন্য পাইপলাইন স্থাপন করা হচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮)। **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৫), **অবজারভার** (পৃ.১৯,ক.৬)।

১০। **আরও ৫০ হাজার টন গম কিনবে সরকার : ক্রয়কমিটিতে অনুমোদন**

আন্তর্জাতিক বাজার থেকে আরও ৫০ হাজার টন গম আমদানি করবে সরকার। এজন্য ব্যয় হবে **১১২** কোটি ৫৫ লাখ টাকা। গতকাল (২৪ এপ্রিল বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদকক্ষে ক্রয় কমিটির বৈঠকে এ সংক্রান্ত দর প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়। অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে বৈঠকে আরও তিন প্রকল্পের দর প্রস্তাব অনুমোদন করা হয়। এছাড়া রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জন্য নিউক্লিয়ার ফুয়েল (ইউরেনিয়াম) কিনবে সরকার। এ সংক্রান্ত ক্রয় প্রস্তাবের অনুমোদন দিয়েছে অর্থনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটি। চুক্তি অনুযায়ী রাশিয়া থেকে ইউরেনিয়াম কেনা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭)।

১১ । **কৃষিতে প্রসারিত হচ্ছে নব নব প্রযুক্তি : রাশিয়ার প্রতিনিধিদলকে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, কৃষিতে বাংলাদেশ এখন বিশ্বে উদাহরণ। ধান, গম ও ভুট্টা চাষে বিশ্বের গড় উৎপাদনকে পেছনে ফেলে ক্রমেই এগিয়ে চলছে বাংলাদেশ। আমাদের কৃষিবিদ, বিজ্ঞানী, গবেষক সর্বোপরি আমাদের কৃষকদের একাগ্রতা, নিষ্ঠা ও সক্ষমতা দিয়ে আজ দেশকে খাদ্যে সাফল্য এনে দিয়েছে। কৃষিতে এখন বিনিয়োগ, রফতানি, বাজারজাত ও প্রক্রিয়াজাতকরণে সহায়তা প্রয়োজন। সময়ের বিবর্তনে এসেছে নতুন নতুন ফসল, প্রসারিত হচ্ছে নব নব প্রযুক্তি। গতকাল (২৪ এপ্রিল বুধবার) মন্ত্রীর অফিস কক্ষে রাশিয়ার ইউরোচেম গ্রুপের ডিরেক্টর আরিল হুগার নেতৃত্বে এক প্রতিনিধি দল সাক্ষাতে এলে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৮)।

**১২ । সিপিডি'র বক্তব্য অনভিপ্রেত ও অগ্রহণযোগ্য : তথ্যমন্ত্রী**
**তথ্য কমিশন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, সিপিডি সরকারের ১০০ দিন পার হওয়ার পর যে বক্তব্য দিয়েছে এটি অনভিপ্রেত ও অগ্রহণযোগ্য। গতকাল (২৪ এপ্রিল বুধবার) জাতীয় প্রেসক্লাবে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। তথ্যমন্ত্রী বলেন, মানুষের ক্রয় ক্ষমতা সব মিলিয়ে দুই থেকে আড়াই গুণ বৃদ্ধি পেয়েছে। সিপিডি শুধু দোষই খুঁজে, গত ১০ বছরে যে অগ্রগতি হয়েছে দুঃখজনক হলেও সত্য এটি তারা দেখে না।

এদিকে তথ্য কমিশনের নিজস্ব ১৩ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন ও নির্মাণ কাজের শুভ উদ্বোধন করলেন তথ্যমন্ত্রী ড. হাসান মাহ্‌মুদ, গতকাল (২৪ এপ্রিল বুধবার) প্রধান তথ্য কমিশনার মরতুজা আহমদের সভাপতিত্বে আনুষ্ঠানিকভাবে মন্ত্রী এ ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন ও নির্মাণকাজের উদ্বোধন করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫)।

**১৩। স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর রাজস্ব আয় বাড়াতে ও অর্থনৈতিকভাবে**
**স্বাবলম্বী হতে উদ্যোগ নিতে হবে : স্থানীয় সরকারমন্ত্রী**

এলজিআরডি মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার মূল স্পিরিট সকলকে অন্তর্ভুক্তিকরণ ও সুযোগের সমতা নিশ্চিত করা। সরকার এ ব্যাপারে যথাসাধ্য চেষ্টা করছে। এসডিজির লক্ষ্যসমূহ অর্জন করতে পারলে আমাদের ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে রূপান্তরিত হওয়া সহজ হবে। আমরা সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করা, নগরের বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকীকরণ, পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়নসহ নাগরিকদের জীবনমান উন্নয়নে চেষ্টা করে যাচ্ছি যা এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনের সঙ্গে সরাসরি সম্পৃক্ত। এদেশে পানিতে লবণাক্ততা ও আর্সেনিক সমস্যা আছে, পানির উপরিভাগেও দূষণ আছে। এ সমস্যাগুলো সমাধানে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো যথাসাধ্য চেষ্টা করছে। নাগরিকদেরও এ ব্যাপারে এগিয়ে আসতে হবে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো যেন রাজস্ব আয় বাড়াতে পারে ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে পারে সে বিষয়ে উদ্যোগ নিতে হবে। গতকাল (২৪ এপ্রিল বুধবার) রাজধানীর গুলশানের গার্ডেনিয়া গ্র্যান্ড হলে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত 'নগর স্থানীয় সরকারের মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন : বিদ্যমান প্রস্তুতি, সম্ভাবনা ও চ্যালেঞ্জসমূহ' শীর্ষক সংলাপে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**১৪। বাজেটে শিক্ষাখাতে বরাদ্দ আরও বাড়াতে হবে : শিক্ষামন্ত্রী**

আসছে বাজেটে শিক্ষাখাতে বরাদ্দ আগের চেয়ে বাড়বে আশা করে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, শিক্ষার ভিতে দাঁড়িয়েই দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। বাজেট পরিকল্পনায় সবচেয়ে বেশি গুরুত্ব দিতে হবে শিক্ষাখাতকে। এখন জিডিপির দুই ভাগের মতো শিক্ষায় বরাদ্দ পাওয়া যাচ্ছে। এটি আরও বেশি হওয়া দরকার। তিনি জানান, ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগের ইশতেহারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিক্ষাখাতে জিডিপির ৪ শতাংশ বাজেটের কথা বলেছিলেন। গতকাল (২৪ এপ্রিল বুধবার) জাতীয় প্রেসক্লাবে এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মুভমেন্ট ফর ওয়ার্ল্ড এডুকেশন রাইটস আয়োজিত 'আগামী বাজেট ও শিক্ষাখাত : আমাদের প্রত্যাশা' শীর্ষক এ সেমিনার অনুষ্ঠিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইনকিলাব** (শেষ পৃ,ক.৮)।

**১৫। শ্রীলঙ্কার হাইকমিশনে শোক বইয়ে স্বাক্ষর পররাষ্ট্রমন্ত্রীর**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন গতকাল (২৪ এপ্রিল বুধবার) ঢাকাস্থ শ্রীলঙ্কার হাইকমিশনে রাখা শোক বইয়ে স্বাক্ষর করেন। এ সময় শ্রীলঙ্কার হাইকমিশনার ক্রিমান্তে ডি সিলভা উপস্থিত ছিলেন। স্বাক্ষরকালে পররাষ্ট্রমন্ত্রী সন্ত্রাসী কার্যক্রমের বিরুদ্ধে বাংলাদেশ সরকারের সব ধরনের 'জিরো টলারেন্স' নীতি উল্লেখ করে বলেন, বাংলাদেশ সন্ত্রাস দমনে শ্রীলঙ্কাসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে সহযোগিতা অব্যাহত রাখবে। এ বিষয়ে সক্রিয় ভূমিকা পালনেরও অঙ্গীকার ব্যক্ত করেন তিনি। পররাষ্ট্রমন্ত্রী এ দুঃসময়ে শ্রীলঙ্কার সরকার ও জনগণের পাশে থাকারও আশ্বাস দেন। এছাড়া তিনি শোক-সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৪)।

**১৬। সামুদ্রিক সম্পদ আহরণে বিভিন্ন প্রকল্প প্রণয়নের আহ্বান পরিকল্পনামন্ত্রীর**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অর্থনীতি দ্রুত প্রসারিত হচ্ছে। তাঁরই নেতৃত্বে আমরা জলে-স্থলে ও আকাশে সর্বত্র বিচরণ করছি। তিনি বলেন, আমরা একসময় দেশের আয়তন নিয়ে আফসোস করতাম। কিন্তু যতটুকু ভূমি আমাদের পায়ের নিচে আছে, তার চেয়ে বেশি আছে সমুদ্র। বিশাল জলরাশি এবং তার নিচে আছে বিশাল সম্ভাবনাময় সম্পদ। তিনি সামুদ্রিক সম্পদ আহরণের লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা ও প্রকল্প প্রণয়নের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় সমুদ্র বিজ্ঞান বিভাগের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। ঢাকা বিশ্ববিদ্যালয় সমুদ্র বিজ্ঞান বিভাগ, গ্রীনটেক ফাউন্ডেশন, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ ইনস্টিটিউট অভ্ মেরিটাইম রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টের যৌথ উদ্যোগে 'সাসটেইনেবল ব্লু-ইকোনমি ফর দ্য ডেভেলপমেন্ট অভ্ বাংলাদেশ' শীর্ষক এক সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**১৭। জনগণের জন্য নিরাপদ ও পুষ্টিকর খাদ্য নিশ্চিত করতে হবে : খাদ্যমন্ত্রী**

দেশের মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত হয়েছে উল্লেখ করে খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, এখন আমরা জনগণের জন্য নিরাপদ ও পুষ্টিকর খাদ্য নিশ্চিত করতে চাই। গতকাল (২৪ এপ্রিল বুধবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'বাংলাদেশের উন্নয়ন লক্ষ্য : খাদ্য অধিকার ও পুষ্টি অধিকার প্রসঙ্গ' শীর্ষক এক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১৮। শব্দদূষণ বন্ধে পরিবেশ মন্ত্রীর কঠোর নির্দেশনা**

জনস্বাস্থ্যের জন্য হুমকি হিসেবে উল্লেখ করে শব্দদূষণ প্রতিরোধে ও বন্ধে আইনশৃঙ্খলা বাহিনীকে কঠোর নির্দেশনা দিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী মো. শাহাব উদ্দিন। তিনি আরো বলেন, শব্দদূষণের প্রধান কারণ অপ্রয়োজনে গাড়ির হর্ন বাজানো। এতে সবচেয়ে বেশি সমস্যার সম্মুখীন হচ্ছে রোগী ও শিক্ষার্থীরা। আমরা এ শব্দদূষণ থেকে মুক্তি পেতে চাই। গতকাল (২৪ এপ্রিল বুধবার) রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে আয়োজিত শব্দ দূষণ সচেতনতা সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫)।

**১৯। বাংলাদেশ-যুক্তরাজ্য সম্পর্কে ব্রেক্সিট কোনো ইস্যু নয় : সচিব পর্যায়ে কৌশলগত বৈঠক**

ব্রেক্সিট থাকুক কিংবা না থাকুক, যুক্তরাজ্য সব সময়ই বাংলাদেশের সঙ্গে আছে। দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে ব্রেক্সিট কোনো ইস্যু নয়। গতকাল (২৪ এপ্রিল বুধবার) ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বাংলাদেশ-যুক্তরাজ্য তৃতীয় কৌশলগত সম্পর্কবিষয়ক বৈঠকের পর সাংবাদিকদের জানান যুক্তরাজ্যের ফরেন এন্ড কমনওয়েলথ দপ্তরের আন্ডার সেক্রেটারি জেনারেল স্যার সিমন ম্যাকডোনাল্ড। পররাষ্ট্র সচিব শহীদুল হক সাংবাদিকদের বলেন, বৈঠকে দুই দেশের মধ্যে দ্বিপক্ষীয়, আঞ্চলিক ও বহুপক্ষীয় সম্পর্কের সব বিষয় নিয়ে অত্যন্ত ফলপ্রসূ আলোচনা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২), **যুগান্তর** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**২০। সন্ত্রাসী ও জঙ্গিদের রোধে নজরদারি বাড়াতে আইজিপির নির্দেশ**

আসন্ন মে দিবস, বৌদ্ধ পূর্ণিমা, রোজা ও ঈদকে সামনে রেখে দেশের সকল গুরুত্বপূর্ণ স্থাপনাসহ সার্বিক নিরাপত্তাব্যবস্থা জোরদার করার নির্দেশ দিয়েছেন পুলিশের প্রধান ড. জাবেদ পাটোয়ারি। গতকাল (২৪ এপ্রিল বুধবার) দেশের সকল ডিআইজি ও এসপিদের সঙ্গে ভিডিও কনফারেন্সে তিনি এ নির্দেশনা দেন। আইজিপি বলেন, যে কোনো প্রকার সহিংসতা ও সন্ত্রাসী কর্মকাণ্ডরোধে গোয়েন্দা নজরদারি বাড়াতে হবে। জনগনের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে সম্ভাব্য সব ধরণের ব্যবস্থা গ্রহণ করতে বাংলাদেশ পুলিশের সকল ইউনিটকে নির্দেশ দেন তিনি। এছাড়াও নারী ও শিশুর প্রতি যে কোনো প্রকার সহিংসতার বিরুদ্ধে জোরালো পদক্ষেপ নিতে নির্দেশ দিয়েছেন তিনি। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **যায়যায়দিন :** একাদশ স্প্যান বসানোর মধ্যদিয়ে পদ্মাসেতুর ১৬৫০ মিটার অংশ দৃশ্যমান হয়েছে উল্লেখ করে যথাসময়ে এ সেতুর কাজ শেষ করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল :** পাঁচ দাবিতে রাজধানীর সাতটি কলেজের ছাত্রছাত্রীরা আন্দোলন করছে উল্লেখ করে এ অবস্থায় শিক্ষার্থীদের স্বার্থে তাদের দাবিগুলো বিবেচনার সুপারিশ।

গ. **ইনকিলাব :** বর্ষার আগমনের আগেই দেশের বিভিন্ন স্থানে বেড়িবাঁধ ভেঙ্গে বিস্তীর্ণ ফসলের মাঠ ও জনপদ প্লাবিত হওয়ার খবর পাওয়া যাচ্ছে উল্লেখ করে বেড়িবাঁধগুলো সুরক্ষায় সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** সহনীয় মাত্রার চেয়ে দ্বিগুণ-তিনগুণ তীব্রতার শব্দে স্বাস্থ্যঝুঁকিতে রাজধানীর অর্ধকোটিরও বেশি মানুষ উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ :** গ্রীষ্মের শুরুতে প্রচণ্ড দাবদাহে ডায়রিয়ার প্রকোপ বেড়েছে উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতামূলক প্রচারণা করার আহ্বান।

চ. **নিউ নেশন :** পোশাক শ্রমিকদের ন্যায্য মজুরি প্রদানের ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ভৌগলিক ও ঐতিহাসিক কারণেই বাংলাদেশ একটি ঐতিহ্যবাহী মুসলিম জনপদ ও রাষ্ট্র।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুর বেড়ে ওঠা ও পিতামাতার সঙ্গে সম্পর্ক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশুকে সুন্দর ও আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে মা-বাবাসহ পরিবারের সদস্যদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা